

দোকানিকে পিটিয়ে বহিষ্কার হলেন ঢাবির ছাত্রলীগ নেতা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



আসাদুজ্জামান ফরিদ। সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ সার্জেন্ট জহুরুল হক হল শাখা ছাত্রলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আসাদুজ্জামান ফরিদকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। গত বুধবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে এক ভ্রাম্যমাণ দোকানদারকে মারধর করায় তাকে বহিষ্কার করা হয়।

আজ বৃহস্পতিবার রাতে ঢাবি ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন ও সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই বহিষ্কারাদেশের কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সংগঠনবিরোধী কার্যকলাপে জড়িত থাকার কারণে আসাদুজ্জামান ফরিদকে সাময়িকভাবে বহিষ্কার করা হলো।

হল শাখা ছাত্রলীগ সূত্র জানায়, গত বুধবার টিএসসি সংলগ্ন উদ্যানের গেটে ভ্রাম্যমাণ এক দোকানদারের পক্ষ নিয়ে আরেক দোকানিকে বেড়ধক মারধর করেন ছাত্রলীগের এই নেতা। পরে এই দোকানদার বিষয়টি ঢাবি ছাত্রলীগের শীর্ষ নেতাদের জানালে এই পদক্ষেপ নেওয়া হয়।

আসাদুজ্জামান ফরিদ সার্জেন্ট জহুরুল হক হলে ঢাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের গ্রুপের অন্যতম নেতা এবং হল ছাত্রলীগের কমিটিতে সভাপতি বা সাধারণ সম্পাদক পদপ্রত্যাশী। তিনি বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ছাত্র।